৭

# দৈনিক ইত্তেফাক

তারিখ ... OCT. 22 [illegible] ...
পৃষ্ঠা ৩ কলাম ২ ......

## পটুয়াখালী কৃষি কলেজ ঃ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের অপেক্ষায়

বাউফল সংবাদদাতা ॥ পটুয়াখালী কৃষি কলেজকে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে উন্নীত করার সকল প্রক্রিয়া চূড়ান্ত হওয়া সত্ত্বেও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক আনুষ্ঠানিকভাবে উদ্বোধনে বিলম্ব হওয়ায় এবং একই প্রক্রিয়াধীন দিনাজপুরের হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদালয় প্রধান মন্ত্রী ভিত্তিপ্রস্তর স্থাপন করায় স্বভাবতই দক্ষিণাঞ্চলবাসীর মনে প্রশ্ন জাগিয়াছে পটুয়াখালী কৃষি কলেজটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে উন্নীত হইবে কি? প্রধান মন্ত্রী শেখ হাসিনা গত বছর ১৫ই মার্চ দক্ষিণাঞ্চল সফরকালে পটুয়াখালী পি ডি এস ময়দানে এক জনসভায় জেলা শহর হইতে ১৫ কিলোমিটার দূরে দুমকীতে অবস্থিত কৃষি কলেজটিকে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে উন্নীত করার ঘোষণা করেন। দিনাজপুরে হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজকেও বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে

( ৬ষ্ঠ পৃঃ দ্রঃ)

### পটুয়াখালী কৃষি কলেজ

( ৩য় পৃঃ পর )

উন্নীত করার ঘোষণা দেওয়া হয়। সরকার, দাতা সংস্থার নিকট হইতে এই ব্যাপারে প্রয়োজনীয় অর্থের আশ্বাস পাওয়ার পর এ দুইটি কলেজকে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে উন্নীত করার বিষয়টি একনেক সভায় অনুমোদিত হয়। ইহার পর শিক্ষা মন্ত্রণালয় ও কৃষি মন্ত্রণালয়ের নির্দেশক্রমে কলেজ দুইটির তদারকি কর্তৃপক্ষ বাংলাদেশ কৃষি গবেষণা ইনষ্টিটিউট স্থাবর-অস্থাবর সকল সম্পত্তি গত আগষ্ট মাসে বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরি কমিশনের নিকট হস্তান্তর করে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনও ইহার একজন সদস্যকে প্রকল্প পরিচালক নিয়োগ করিয়াছে।